# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ৭. মিথ্যার পরিচয় ও চিহ্নিত করণ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ১. মিথ্যা চিহ্নিত করণের প্রধান উপায়

### ৭. ১. ১. জালিয়াতের স্বীকৃতি

মিথ্যা হাদীসের পরিচিতি ও চিহ্নিত-করণের পদ্ধতি উল্লেখ করে আল্লামা ইবনুস সালাহ (৬৪৩ হি) বলেন: ‘‘হাদীস মাউদূ বা জাল কিনা তা জানা যায় জালিয়াতের স্বীকৃতির মাধ্যমে অথবা স্বীকৃতির পর্যায়ের কোনো কিছুর মাধ্যমে। মুহাদ্দিসগণ অনেক সময় বর্ণনাকারীর অবস্থার প্রেক্ষিতে তার জালিয়াতি ধরতে পারেন। কখনো বা বর্ণিত হাদীসের অবস্থা দেখে জালিয়াতি ধরেন। অনেক বড়বড় হাদীস বানোনো হয়েছে যেগুলোর ভাষা ও অর্থের দুর্বলতা সেগুলোর জালিয়াতির সাক্ষ্য দেয়।’’[1]

আল্লামা নাবাবী, ইরাকী, সাখাবী, সুয়ূতী ও অন্যান্য মুহাদ্দিসও মিথ্যা বা জাল হাদীস চিহ্নিত করার পদ্ধতিগুলো উল্লেখ করেছেন।[2]

## ফুটনোট

[1] ইরাকী, আত-তাকঈদ, পৃ ১২৮।

[2] ইরাকী, আত-তাকঈদ, পৃ: ১২৮-১৩০; সুয়ূতী, তাদরীবুর রাবী ১/২৭৫-২৭৬;

Source — https://www.hadithbd.com/books/link/?id=4645

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন